

প্রেস রিলিজ
২৩ অক্টোবর ২০২৪

প্রান্তিক জনগোষ্ঠীকে দক্ষশক্তিতে পরিণত করতে কাজ করছে বাউবি উপাচার্য ড. এবিএম ওবায়দুল ইসলাম

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর যৌথ উদ্যোগে আজ ২৩ অক্টোবর ২০২৪ বুধবার সকালে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে "কৃষি যন্ত্রপাতি প্রতিভা অন্বেষণ শীর্ষক সেমিনার ও প্রদর্শনী মেলার আয়োজন করে। উক্ত সেমিনার ও প্রদর্শনী মেলায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বলেন, আধুনিক কৃষি যন্ত্রপাতির ব্যবহার দেশের কৃষিখাত ও কৃষিকাজের কার্যকারিতা ও উৎপাদনশীলতা কয়েকগুণ বাড়িয়েছে। ট্রাক্টর, কম্বাইন হারভেস্টার এবং সেচ ব্যবস্থা কৃষকের কাজকে দ্রুত ও কার্যকরভাবে সহায়তা করছে, যার ফলে কৃষি ফলন বৃদ্ধি পাচ্ছে, শ্রম হ্রাস ও স্বল্প সময়ে কৃষক তার কাজিত লক্ষ্যে পৌঁছাতে পারে। বাউবি ও বারির মৌলিক সম্পর্ক টেনে উপাচার্য আরো বলেন, প্রান্তিক জনগোষ্ঠীকে দক্ষশক্তিতে পরিণত করতে বাউবি গত তিন দশক ধরেই নিরলসভাবে কাজ করে যাচ্ছে। আমরা যদি বাংলাদেশকে কৃষিতে আরো স্বয়ংসম্পূর্ণ ও সমৃদ্ধ করতে পারি তবে বিদেশে আর জনবল পাঠানোর প্রয়োজন পড়বে না। বাউবি ও বারি দুটো প্রতিষ্ঠানই প্রত্যন্ত অঞ্চলের খেটে খাওয়া ও শিক্ষাবঞ্চিত মানুষদের নিয়ে কাজ করে। তাই, আজকের এই সেমিনারটি দুটো প্রতিষ্ঠানের জন্যই তাৎপর্যপূর্ণ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি কৃষি ও পল্লী উন্নয়ন স্কুলের ডিন অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম বলেন, ক্রমবর্ধমান জনসংখ্যার চাহিদা পূরণ করতে কৃষিতে আরো উন্নতমানের আধুনিক যন্ত্রপাতি ব্যবহারের বিকল্প নেই। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য ও প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রকল্প পরিচালক ড. মোঃ নূরুল আমিন। গত পাঁচ দশকে কৃষিতে আধুনিক যন্ত্রপাতি ব্যবহারের ইতিবাচক প্রভাব তুলে ধরেন তিনি। একই সাথে কৃষির মানোন্নয়নে কৃষকের শিক্ষাদান ও বারি উদ্ভাবিত আধুনিক মেশিনারিজের নাম, পরিচয়, মূল্য ও ব্যবহারনীতি উপস্থাপন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল- এর পরিচালক অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম এবং তিনি বলেন উন্মুক্ত বিশ্ববিদ্যালয়কে ব্র্যান্ডিং এর জন্য আগামীতে কর্তৃপক্ষ অনুমতি প্রদান করলে সংশ্লিষ্ট সেল অনুষ্ঠান বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ করবে।

এ সময় বিশ্ববিদ্যালয়ের সকল ডিন, পরিচালক, শাখা প্রধান, শিক্ষক ও কর্মকর্তা এবং বারির গবেষকবৃন্দ উক্ত সেমিনার ও প্রদর্শনী মেলায় অংশ নেন। অনুষ্ঠানটিতে একই সাথে আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তাবৃন্দ ভার্চুয়ালী যুক্ত ছিলেন। আলোচনা অনুষ্ঠান শেষে, বারি উদ্ভাবিত কৃষি যন্ত্রপাতি মেলা উদ্বোধন ও প্রদর্শন করেন উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম।



মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল- ০১৭১১২০৭৬৯৮

০১৭১১৭৩২৬৫৮ (অনুরোধে)

০৯৬৬৬৭৩০৭৩০ এক্স: ৭৭৭